



**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT - SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**August 1, 2024**

**7:35 AM IST**

=====

ৰাজ্যে অৰুণোদয় প্রকল্পের তৃতীয় পর্যায়ে আরো ৪৭ লক্ষ হিতাধিকারীকে অর্ন্তভুক্ত করা হবে বলে রাজ্য মন্ত্রীসভার বৈঠকে সিদ্ধান্ত হয়েছে। গতকাল রাজ্য মন্ত্রীসভার বৈঠকের পর সাংবাদিকদের সঙ্গে কথা বলতে গিয়ে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তু বিশ্বশর্মা জানান যে রেশন কার্ড এবং আধারকার্ড থাকলে অরুণোদয় প্রকল্পের জন্য আবেদন করা যাবে। ই-শ্রম পোর্টালে অর্ন্তভুক্ত ৬ লক্ষ পরিয়ায়ী শ্রমিককে রেশনকার্ড প্রদান করা হবে বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন। বৈঠকে ষষ্ঠ অনুসূচীর অধীনে থাকা অঞ্চলগুলো পরিচালনার জন্য গ্রাম উন্নয়ন পরিষদের মোট ৪৭৬ টি সচিব পদের জন্য অনুমোদন জানানো হয়। এদিকে আসাম দক্ষতা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের কার্যকাল আরও দুবছর বৃদ্ধি করার জন্য বৈঠকে সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

---

সমগ্র শিক্ষা অভিযান আগামী বছরের ৬ই জানুয়ারী থেকে আরম্ভ হওয়া গুণোৎসবের সংশোধিত সূচী প্রকাশ করেছে। এই কার্যসূচী ৬ই জানুয়ারীতে আরম্ভ হলেও সংশোধিত সূচী অনুসারে দ্বিতীয় পর্যায়ের গুণোৎসব ১৮ই জানুয়ারীর পরিবর্তে ১৭ই জানুয়ারী থেকে শুরু হবে। একইভাবে তৃতীয় পর্যায়ের গুণোৎসব পূর্বের ৬ই ফেব্রুয়ারীর পরিবর্তে চৌঠা ফেব্রুয়ারী থেকে শুরু হবে। অন্য একটি সংশোধন অনুসারে পশ্চিম কার্বি আংলং জেলাকে দ্বিতীয় পর্যায়ের গুণোৎসবের তালিকায় অর্ন্তভুক্ত করা হয়েছে। আগে এই

জেলাটি তৃতীয় পর্যায়ের গুণোৎসবের তালিকায় অন্তর্ভুক্ত ছিলো। সমগ্র শিক্ষার মিশন সঞ্চালকের জারী করা নির্দেশ অনুসারে প্রথম পর্যায়ের গুণোৎসব ১১ টি, দ্বিতীয় পর্যায়ের গুণোৎসব ১৪ টি এবং তৃতীয় পর্যায়ের গুণোৎসব ১০ টি জেলায় অনুষ্ঠিত হবে।

---

দেশের ২০২৪-২৫ অর্থবছরের বাজেট উন্নয়ন, কর্মসংস্থান, মূলধনী ব্যয়, অর্থনৈতিক একত্রীকরণের মতো অগ্রাধিকারের বিষয়গুলির সঙ্গে ভারসাম্যতা বজায় রেখে প্রস্তুত করা হয়েছে। কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমণ গতকাল রাজ্যসভায় বাজেট সম্পর্কিত প্রশ্নের উত্তরে জানান যে কেন্দ্রীয় সরকার সবকা সাথ সবকা বিকাশ ও সবকা প্রয়াস নীতিতে বিশ্বাস রেখে কাজ করে চলছে। অর্থমন্ত্রী কৃষিক্ষেত্রে অর্থ বরাদ্দ হ্রাস করা হয়েছে বলে বিরোধীদের অভিযোগ খণ্ডন করে বলেন যে শিক্ষা, নিয়োগ এবং দক্ষতা বিকাশের ক্ষেত্রে ১ লক্ষ ৪৮ হাজার কোটি টাকা বরাদ্দ করার প্রস্তাব করা হয়েছে।

---

দেশের সব মেডিক্যাল কলেজগুলোতে চলতি বছরের এম বি বি এস পাঠ্যক্রমে নাম ভর্তির জন্য কাউন্সেলিং পর্ব আগামী ১৪ ই আগস্ট থেকে শুরু হবে। জাতীয় চিকিৎসা আয়োগের অধ্যক্ষ ডাঃ বি শ্রীনিবাস পঞ্জীয়ন এবং কাউন্সেলিং সম্পর্কিত সবধরনের অগ্রগতির বিষয়ে অবগত হতে শিক্ষার্থীদেরকে মেডিক্যাল কাউন্সেলিং কমিটির ওয়েবসাইটে দৃষ্টি রাখার আহ্বান জানান। উল্লেখ্য এই কাউন্সেলিং প্রক্রিয়ার মাধ্যমে এম বি বি এস পাঠ্যক্রমে দেশের ১ লক্ষ ১০ হাজার এবং বি ডি এস এর প্রায় ২১ হাজার আসন সহ আয়ুষ মন্ত্রকের অধীনের পাঠ্যক্রমে ভর্তি প্রক্রিয়া আরম্ভ হবে। সূচী অনুযায়ী ১৪ ই আগস্ট থেকে ২১ শে আগস্ট পর্যন্ত কাউন্সেলিং সম্পন্ন হওয়ার পর ২৩শে আগস্ট আসন বন্টনের তালিকা ঘোষণা করা হবে।

---

অনুরূপভাবে ৬ই সেপ্টেম্বর থেকে ১০ই সেপ্টেম্বর পর্যন্ত দ্বিতীয় পর্যায়ের কাউন্সেলিং সম্পন্ন হওয়ার পর দ্বিতীয় পর্যায়ের আসন বন্টন ১১ ও ১২ই

সেপ্টেম্বর এবং তৃতীয় তথা অন্তিম পর্যায়ের আসন বন্টন প্রক্রিয়া ১৩ই সেপ্টেম্বর সম্পূর্ণ করা হবে। এদিকে চলতি বছরের চিকিৎসা বিজ্ঞানের স্নাতকোত্তর পাঠ্যক্রমে ভর্তির জন্য জাতীয় যোগ্যতা নিরূপণ তথা প্রবেশ পরীক্ষা নীট পি জি আগামী ১১ই আগস্ট অনুষ্ঠিত হবে বলে জানানো হয়েছে।

---

---

হাইলাকান্দি জেলা প্রশাসনের উদ্যোগে জেলাজুড়ে আজ থেকে মাসব্যাপী বিভিন্ন গ্রাম পঞ্চায়েত কার্যালয়ে খাজনা আদায় শিবির অনুষ্ঠিত হবে। জেলার তহশিলদার এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে আজ ও আগামীকাল আলগাপুর, আপিন-রংপুর, বড়বন্দ এবং বাহাদুরপুর গ্রাম পঞ্চায়েত কার্যালয়ে খাজনা আদায় শিবির অনুষ্ঠিত হবে। জেলা প্রশাসন থেকে জমি মালিকদের চলতি বছরের খাজনা এবং বকেয়া বছরের খাজনা জমা দিতে অনুরোধ করা হয়েছে।

---

---

করিমগঞ্জ জেলার লাতু-দাসগ্রাম সমবায় সমিতির বার্ষিক সাধারণ সভা আজ সকাল ১১টায় সমিতির কার্যালয়ে অনুষ্ঠিত হবে। সভায় ২০২৪-২৫ অর্থ বছরের সম্ভাব্য বাজেট পেশ, আভ্যন্তরীণ হিসেব পরীক্ষা, সমিতির সদস্যদের ঋন গ্রহণ ক্ষমতা নির্ধারণ সহ আরো অন্যান্য বিষয় নিয়ে আলোচনা করা হবে। লাতু-দাসগ্রাম সমবায় সমিতির সচিব এক বিজ্ঞপ্তিতে এখবর জানিয়েছেন।

---

---

হাইলাকান্দি জেলা কৃষি বিভাগের সহকারী কার্যবাহী বাস্তুকার এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে কৃষি বিভাগে ট্রেকটার, পাওয়ার টিলার, পি টি ও, ড্রাইভেন থ্রেসার সহ অন্যান্য কৃষি যন্ত্রপাতি রেহাই মূল্যে বন্টনের জন্য কৃষকদের কাছ থেকে দরখাস্ত আহ্বান করা হয়েছে। ইচ্ছুক কৃষকদের আগামী পয়লা অগাষ্টের মধ্যে নির্দিষ্ট প্রপত্র পূরন করে হাইলাকান্দি কৃষি বিভাগের সহকারী কার্যবাহী বাস্তুকারের কার্যালয়ে জমা করতে বলা হয়েছে। বিশদ বিবরণ কৃষি বিভাগের কার্যালয়ে পাওয়া যাচ্ছে।

---

---